

অর্ধবার্ষিকীর প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা বন্ধ

■ রাণীনগর (নওগাঁ) সংবাদদাতা
রাণীনগরে পাইলট মডেল উচ্চ
বিদ্যালয়ে শনিবার অর্ধ-বার্ষিকী
পরীক্ষার ৯ম ও ১০ম শ্রেণির
বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের
নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র ফাঁস হওয়ায়
বিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ বন্ধ
করে দিয়েছেন। তবে বিদ্যালয়
কর্তৃপক্ষ মাধ্যমিক শিক্ষক সমিতিকে
দোষারোপ করছেন।

গোপন সূত্রে জানা যায়, ওই
বিদ্যালয়ের যে সব শিক্ষকরা প্রাইভেট
পড়ান তারা ই অধিকাংশ বিষয়ে
প্রশ্নপত্র তৈরি করেন। এই সব শিক্ষক
ছাড়াও অন্য শিক্ষকরা বিদ্যালয়ের
বিভিন্ন ব্যক্তির সঙ্গে আঁতাত করে
মোটাক্কার অর্থের বিনিময়ে পরীক্ষার
পূর্বে বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র
ফটোকপি করে নিজের প্রাইভেট পড়ুয়া
শিক্ষার্থীদের কাছে পরীক্ষার পূর্বে
সরবরাহ করেন।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষক আব্দুস সোবহান জানান,
আমরা নিজের প্রশ্ন নিজেরাই তৈরি
করি। সেসব প্রশ্নপত্র আমি আমার
কাছে সংরক্ষণ করি। যা পরীক্ষার কিছু
সময় পূর্বে বের করা হয়। তাই
আমাদের কাছ থেকে প্রশ্নপত্র ফাঁস
হওয়ার কোনো প্রশ্নই আসে না।

উপজেলা মাধ্যমিক শিক্ষক
সমিতির সাধারণ সম্পাদক মো.
জালাল উদ্দিন জানান, উপজেলার
পাইলট মডেল উচ্চ বিদ্যালয়সহ বেশ
কিছু সংখ্যক বিদ্যালয় আমাদের
সমিতির আওতার বাইরে। তাই
আমাদের শিক্ষক সমিতির সঙ্গে এই
বিদ্যালয়ের প্রশ্নের কোনো প্রকার
সম্পর্ক নেই। তারা তাদের প্রশ্ন সংশ্লিষ্ট
শিক্ষকদের দিয়ে তৈরি করেন। সেই
সব শিক্ষকরাই এই ধরনের অবৈধ
কর্মকাণ্ডের সঙ্গে জড়িত।

উপজেলা মাধ্যমিক ভারপ্রাপ্ত
শিক্ষা কর্মকর্তা মো. আব্দুল্লাহ আল
মামুন জানান, বিষয়টি শুনেছি। তদন্ত
সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।